

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৫.০২২.১০.৩১.০৩১.২০১৬-১১০৮

তারিখঃ ২৯/০৯/২০১৬

বিষয় : উপজেলা পরিষদে শতভাগ e-GP বাস্তবায়ন নিশ্চিতকরণ।


- সূত্র : (১) উপজেলা-২ এর স্মারক নং-৪৬.০৪৫.০২২.০৮.০৩.০০৩.২০১২-৩১৭, তারিখ : ১৪/০২/২০১৬
(২) উপজেলা-২ এর স্মারক নং-৪৬.০৪৫.০২২.০৮.০৩.০০৩.২০১২-৮৩৮, তারিখ : ১৭/০৭/২০১৬
(৩) উপজেলা-২ এর স্মারক নং-৪৬.০৪৫.০২২.১০.৩১.০৩১.২০১৬-৯৯৮, তারিখ : ১৭/০৮/২০১৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকদ্বয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিসভার বৈঠকে ১৬/০২/২০১৫ তারিখে গৃহিত সিদ্ধান্ত মোতাবেক স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সকল উপজেলা পরিষদে ই-টেন্ডারিং পদ্ধতি চালুকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে ১০১টি উপজেলা পরিষদ কর্তৃক পূরণকৃত সিপিটিইউ (আইএমইডি) এর নির্ধারিত ফরম পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট-তে প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য যে, ২০১৬ সালের মধ্যে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানে শতভাগ e-GP বাস্তবায়ন নিশ্চিত করার নির্দেশনা রয়েছে।

উল্লেখ্য যে, e-GP বাস্তবায়নের লক্ষ্যে সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট এর মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে বিধায় উপজেলা পরিষদ কর্তৃক নির্ধারিত ফরমে তথ্যাদি পূরণ করা আবশ্যিক। এ বিষয়ে সূত্রোক্ত স্মারকদ্বয়ের মাধ্যমে একাধিকবার অনুরোধ করা হয়েছে। অদ্যাবধি তাঁর উপজেলা পরিষদের e-GP সংক্রান্ত নির্ধারিত পূরণকৃত ফরম পাওয়া যায়নি।

এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন তথা ২০১৬ সালের মধ্যে সকল উপজেলা পরিষদে শতভাগ e-GP চালুকরণে সিপিটিইউ এর ২১/০৬/২০১৬ তারিখের ১০৯২ নং স্মারকের নির্দেশনা মতে সংযুক্ত নমুনা ছক মোতাবেক তথ্যাদি পূরণ করে ই-মেইল নং- lgd.upazila2@gmail.com তে ০২ (দুই) কার্যদিবসের মধ্যে প্রেরণ নিশ্চিত করণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো। অন্যথায় সংশ্লিষ্ট উপজেলা পরিষদের বরাদ্দ বন্ধ রাখাসহ পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

সংযুক্ত নমুনা ছক


(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৭৭২৩০

e-mail : lgd.upazila2@gmail.com

১. চেয়ারম্যান উপজেলা পরিষদ।
২. উপজেলা নির্বাহী অফিসার,

অনুলিপি :

১. জেলা প্রশাসক (সকল)।
২. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

